



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১৫২

বাংলাদেশ আওয়ামী লীগ জনতার শক্তিতে বলীয়ান

- তথ্য ও সম্প্রচারমন্ত্রী

রাজশাহী; ২৯ পৌষ (১৩ জানুয়ারি):

বাংলাদেশ আওয়ামী লীগ জনতার শক্তিতে বলীয়ান বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী ড. হাছান মাহমুদ, এমপি। আজ শুক্রবার (১৩ জানুয়ারি) দুপুরে রাজশাহী মেডিকেল কলেজের ডা. কাইছার রহমান চৌধুরী অডিটোরিয়ামে আগামী ২৯ জানুয়ারি প্রধানমন্ত্রী শেখ হাসিনার রাজশাহী আগমন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রতিনিধি সভায় বক্তৃতাকালে তিনি এ মন্তব্য করেন।

ড. হাছান মাহমুদ বলেন, বাংলাদেশ আওয়ামী লীগ গণমানুষের দল। জনগণের জন্য জনগণকে সঙ্গে নিয়ে আওয়ামী লীগ কাজ করে। আমরা সবসময় জনগণের শক্তিতে বিশ্বাসী। আমরা জনতার শক্তিতে বলীয়ান।

রাজশাহীতে প্রধানমন্ত্রীর ২৯ জানুয়ারির সমাবেশকে রাজশাহীবাসীর জন্য আশীর্বাদ উল্লেখ করে তথ্য ও সম্প্রচারমন্ত্রী বলেন, এখনও সারা পৃথিবীতে করোনা মহামারি পুরোপুরি শেষ হয় নাই, বাংলাদেশেও এর প্রভাব রয়েছে; তাই প্রধানমন্ত্রী দেশের সব জায়গায় সমাবেশ করছেন না। তিনি রাজশাহীতে সমাবেশ করবেন- এটা রাজশাহীবাসীর জন্য আশীর্বাদ।

তিনি বলেন, গত ১৪ বছরে রাজশাহীর যে উন্নয়ন হয়েছে তাতে রাজশাহী অঞ্চল পাল্টে গেছে। এই শহরে এলে আমার মন ভরে যায়। এটা প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাজশাহীর মেয়র এএইচএম খায়রুজ্জামান লিটনের মাধ্যমে করেছেন। তাই ২৯ জানুয়ারির জনসভায় কোনো দাবি নয়, এটা হবে রাজশাহীবাসীর জন্য প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানানোর একটা উপলক্ষ্য।

জনসভাকে উপলক্ষ্য করে সাধারণ মানুষের মধ্যে উৎসাহ-উদ্দীপনা তৈরি করার আহ্বান জানিয়ে নেতা-কর্মীদের উদ্দেশ্যে মন্ত্রী বলেন, শুধু জনসভার প্রচার করলে হবে না, জনসভাকে উপলক্ষ্য করে যেন সরকারের উন্নয়নের প্রচার হয়- এজন্য লিফলেট বিতরণ করতে হবে। গত ১৪ বছরে এই অঞ্চলে যে উন্নয়ন হয়েছে তার প্রচার করতে হবে, ১৪ বছর আগে এই অঞ্চল কেমন ছিল সেটারও যেন প্রচারণা হয় সে ব্যবস্থা গ্রহণ করতে হবে। সেজন্য বিভিন্ন সংস্কৃতিকর্মীদেরও মাঠে নামাতে হবে যেন এর মাধ্যমে সাধারণ জনগণের মধ্যে জনসভা একটা উৎসবে পরিণত হয়।

চট্টগ্রামে বিএনপির সমাবেশের চেয়ে আওয়ামী লীগের সমাবেশে দশগুণ বেশি মানুষের জমায়েত হয়েছিল জানিয়ে মন্ত্রী বলেন, রাজশাহীর সমাবেশেও বহু মানুষের জমায়েত হবে, এজন্য আমরা মাদুরাসা মাঠকে বেছে নিয়েছি; যাতে আমরা দেখাতে পারি বিএনপির চেয়ে আমাদের সমাবেশে কত বেশি মানুষ হয়েছে। এ সময় তিনি সমাবেশ সফল করার জন্য বাংলাদেশ আওয়ামী লীগের রাজশাহী বিভাগের সকল নেতা-কর্মীকে নিজের এলাকায় কাজ করার পরামর্শ দেন।

রাজশাহী মহানগর আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোহাম্মদ আলী কামালের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন রাসিক মেয়র এএইচএম খায়রুজ্জামান লিটন। সভায় খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার, পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক, সংসদ সদস্য মো. মনসুর রহমান, ইঞ্জিনিয়ার এনামুল হক, আয়েন উদ্দিন ও রাজশাহী বিভাগের বিভিন্ন জেলার আওয়ামী লীগের সভাপতিবৃন্দ বক্তৃতা করেন। অনুষ্ঠানে রাজশাহী জেলা ও মহানগর আওয়ামী লীগের বিভিন্ন সহযোগী অঙ্গ-সংগঠনের নেতৃবৃন্দসহ কেন্দ্রীয় আওয়ামী লীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এর আগে সকালে রাজশাহী সার্কিট হাউজে সাংবাদিকদের ব্রিফ করেন ড. হাছান মাহমুদ। এসময় জামাতের সঙ্গে সমঝোতা নিয়ে করা সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তথ্য ও সম্প্রচারমন্ত্রী বলেন, অসাম্প্রদায়িক রাষ্ট্র প্রতিষ্ঠায় কাজ করছে সরকার। আওয়ামী লীগ মুক্তিযুদ্ধের চেতনা নিয়ে রাজনীতি করে। কোনো দেশবিরোধী রাজনৈতিক মতাদর্শের সঙ্গে সমঝোতা অবাস্তব চিন্তা বলে তিনি জানান।

দ্রব্যমূল্যের উর্ধ্বগতি এবং বিদ্যুতের দাম বাড়ানো নিয়ে সাংবাদিকদের অপর এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, এটা শুধু বাংলাদেশে হয়েছে এমনটা নয়, সমগ্র পৃথিবীতে দ্রব্যমূল্য বেড়েছে; ইউরোপ, আমেরিকার মতো জায়গায় বিদ্যুতের দাম বাড়ানো হয়েছে। আমাদের দেশে জনগণের ভোগান্তি কিছুটা কমানোর জন্য বিদ্যুৎখাতে হাজার হাজার কোটি টাকা ভর্তুকি দিচ্ছে সরকার। ভর্তুকি কিছুটা কমানোর জন্য বিদ্যুতের সামান্য দাম বাড়ানো হয়েছে।

বিএনপির সাম্প্রতিক সময়ের বিভিন্ন কর্মসূচি নিয়ে প্রশ্নের জবাবে তিনি জানান, বিএনপি শুধু হাঁক-ডাক দেয়, তাদের কথায় জনগণ সাড়া দেয় না।

.....
তৌহিদ/সিকান্দার/হালিম/২০২৩/১৫.৩০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী - ০৭২১-৭৭২৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd